



উপজেলা পরিক্রমা

ছাতক

ছাতক (সুনামগঞ্জ) ২৬ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— শিল্পনগর ছাতক ১৮৭৭ সাল থেকে ১৯৮২ সালের ৬ নভেম্বর পর্যন্ত অধিনালপ্ত সুনামগঞ্জ মহকুমার থানা হিসেবে বিদ্যমান ছিল। ১৯৮২ সালে ৬ নভেম্বর ছাতক থানাকে মন উন্নীত করা হয় এবং পরে উপজেলায় উন্নীত করা হয়।

এ উপজেলার মোট আয়তন ১৮৬ বর্গমাইল, মৌজা ৩২২টি, গ্রাম ৩৬৫টি, ইউনিয়ন ১৩টি।

জনসংখ্যা মোট ২,১৯,৫৮৩, পুরুষ ১,১৩,৬৬১, মহিলা ১,০৫,৯২২ জন। মোট পরিবার ৩৪,০৩১টি। তন্মধ্যে মুসলিম পরিবার ৩১,৫৯০টি, হিন্দু ২,৩৯৮টি, বৌদ্ধ ৭টি, খৃষ্টান ৬টি এবং অন্যান্য উপজাতীয় পরিবার ৩০টি।

কৃষি

কৃষকের সংখ্যা ৩৪,৫৭৮ জন, ভূমিহীন ৫৪৩৪ জন, মোট আবাদী জমি ৬৪,৮৬৫ একর, অনাবাদী ৫৪,১৭৫ একর, পতিত ১২,০১৫ একর, চাষের উপযোগী পতিত জমি ৬,৮৫০ একর। কৃষি কাজের জন্য গভীর নলকূপের সংখ্যা ১৮টি, সার গুদাম ৩টি, খাদ্য গুদাম ৭টি, হাওর ১৫টি। জলমহাল ১৫৭টি।

শিল্প

বহুত শিল্প কারখানা ২টি, ছাতক সিমেন্ট কোম্পানী ও সিলেট পাম্প এণ্ড পেপার মিলস লিঃ। কুটির শিল্প ১১৪টি। এছাড়াও প্রচুর চুনের পাজু রয়েছে।

শিক্ষা

ছাতকের শিক্ষা ব্যবস্থা অত্যন্ত নাজক

শিক্ষার হার ১৫% সরকারী প্রাথমিক বিদ্যালয় ১২০টি, বেসরকারী ১০টি। এ উপজেলায় সরকারী কোন উচ্চ বিদ্যালয় নেই। তবে বেসরকারী ১২টি উচ্চ বিদ্যালয় ও ২টি কলেজ রয়েছে। বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান ২টি, মাদ্রাসা ১২টি। ১৯৭২ সালে প্রতিষ্ঠিত ছাতক মহাবিদ্যালয়ে প্রায় ৩২৫জন ছাত্র-ছাত্রীর জন্য শিক্ষক রয়েছেন ২০ জন। চলতি সেশন থেকে বি.এ এবং বি.কম শ্রেণী খোলা হয়েছে। কিন্তু শিক্ষক সংখ্যা বাড়ানো হয়নি। কলেজের কোন ছাত্রাবাস ও সীমানা দেয়াল নেই। বিজ্ঞানের যন্ত্রপাতি, আসবাবপত্র ও খোখলার সামগ্রী অপ্রতুল। প্রতি বছর ছাত্র-ছাত্রীদের সিলেটে পরীক্ষা দিতে গিয়ে অনেক বামেলা পোহাতে হয়।

চিকিৎসা

উপজেলা স্বাস্থ্য প্রকল্প ১টি, দাতব্য চিকিৎসালয় ১টি, পশু চিকিৎসা কেন্দ্র ১টি ও অন্যান্য হাসপাতাল ৩টি। উপজেলা স্বাস্থ্য প্রকল্পে প্রায়ই টেবলেট ছাড়া অন্য কোন ওষুধ পাওয়া যায় না।

যোগাযোগ

উপজেলার যোগাযোগ ব্যবস্থাও অনুন্নত। সড়ক ও জনপথের পাকা রাস্তা মাত্র ১৮ মাইল। ইউনিয়ন পরিষদের কাঁচা রাস্তা ৬৬ মাইল। রেলপথ ৯ মাইল। রেল স্টেশন ২টি। ১৮৬ বর্গমাইল এলাকায় ১৮ মাইল রাস্তা নিতান্তই অপ্রতুল। যার জন্য দক্ষিণ ছাতকবাসী যোগাযোগ ব্যবস্থায় অনেক পিছিয়ে আছে। টেলিফোন এক্সচেঞ্জ ১টি। পোস্ট অফিস ৮টি, সাব পোস্ট অফিস ১টি।